

## পলিটেকনিক শিক্ষকদের দ্বিতীয় শিফটেও করতে বললেন উপমন্ত্রী

৫ আগস্ট ২০১৯ ০১:০৪

আপডেট: ৫ আগস্ট ২০১৯ ০১:০৪



সারাদেশে টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ এবং পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষক-কর্মচারীদের দ্বিতীয় শিফটেও দায়িত্ব পালন করে যাওয়ার আহ্বান জানিয়েছেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। দ্বিতীয় শিফট নিয়ে চলমান সমস্যা সমাধানের ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় কাজ করছে জানিয়ে উপমন্ত্রী বলেন, শিক্ষকদের অতিরিক্ত অর্থ বরাদ্দের দাবি অর্থ মন্ত্রণালয়ের সঙ্গেও সম্পর্কিত। মাননীয় প্রধানমন্ত্রী দেশে ফেরা পর্যন্ত অপেক্ষা করতে হবে। তার নির্দেশনায় পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। গতকাল রবিবার রাজধানীর ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক এক পরিচ্ছন্নতা অভিযানে অংশ নিয়ে উপমন্ত্রী এসব কথা বলেন। সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ এবং পলিটেকনিক ইনস্টিটিউটে দ্বিতীয় শিফটে দায়িত্ব পালনের সম্মানী বৃদ্ধির পরিবর্তে কমিয়ে দেওয়ার প্রতিবাদে গত ১ আগস্ট থেকে কর্মবিরতি পালন করছেন শিক্ষক-কর্মচারীরা। ফলে এসব প্রতিষ্ঠানে দ্বিতীয় শিফটের লেখাপড়া বন্ধ হওয়ায় লক্ষাধিক শিক্ষার্থী তাদের ভবিষ্যৎ নিয়ে উদ্দিগ্ন। দেশের ৬৪টি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজে দ্বিতীয় শিফটে শিক্ষার্থী আছে প্রায় ২২ হাজার। আর ৪৯টি পলিটেকনিক ইনস্টিটিউটে এ বছর নতুন ভর্তি হয়েছে ২৫ হাজার। আগের তিন সেশনের শিক্ষার্থী আছে প্রায় ৭৫ হাজার। শিক্ষকদের অভিযোগ, দ্বিতীয় শিফট চালুর সময়ে মূল বেতনের ২০ শতাংশ সম্মানী পেয়েছেন। পর্যায়ক্রমে তা ৫০ শতাংশে উন্নীত হয়েছে। কিন্তু গত বছর এই সম্মানীর হার কমিয়ে দেওয়া হয়।

ডেঙ্গু সচেতনতায় শিক্ষা উপমন্ত্রী বলেন, শিক্ষার্থীদের ডেঙ্গুজ্বর থেকে নিরাপদে রাখতে প্রতিটি প্রতিষ্ঠানের পরিচ্ছন্নতা নিশ্চিত করেই মধ্যে শিক্ষা মন্ত্রণালয় পরিপত্র জারি করেছে। বর্তমান ডেঙ্গু প্রকোপ মোকাবেলায় শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বলিষ্ঠ ভূমিকা পালন করতে হবে। প্রতিটি ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান তিনি। কর্মসূচিতে অন্যদের মধ্যে উপস্থিত

ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মুন্সী শাহাবুদ্দীন আহমেদ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক রওনক মাহমুদ।

advertisement